

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রেঞ্জ ডিআইজির কার্যালয়
ঢাকা

রেঞ্জ সার্কুলার নং-৪/১৮

বিষয় : বাজেট বরাদ্দ যথাযথভাবে ব্যয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লক্ষ্য করা যায়, বাজেট বরাদ্দ প্রাপ্তির পর কোন কোন ইউনিট বাজেট থেকে অর্থ বছরের প্রথম দিকে আনুপাতিক হারে অর্থ খরচ না করে অযথা ফেলে রাখে এবং অর্থ বছরের শেষ দিকে তাড়াহুড়া করে অধিক মাত্রায় ব্যয় করতে হয় ফলে ব্যয়ের ভারসাম্য বজায় থাকে না। তাড়াহুড়া করে খরচ করা হলে অনেক ক্ষেত্রে আর্থিক বিধি বিধান যথাযথ ভাবে অনুসরণ করা সম্ভব হয় না ফলে অডিট আপত্তির পরিমাণ বেড়ে যেতে পারে। বছরের শেষে একসাথে অধিক ব্যয় করা হলে অর্থ মন্ত্রণালয় তা নেতিবাচক হিসেবে বিবেচনা করে থাকে। এমতাবস্থায় দরপত্র আহবান হতে শুরু করে বাজেট বরাদ্দ প্রাপ্তির পর ব্যয় কার্যক্রম সঠিক ভাবে সম্পাদনের জন্য নিম্নলিখিত নির্দেশাবলী প্রদান করা হলোঃ-

নির্দেশাবলী

- ১) এপ্রিল মাসের মধ্যেই পরবর্তী অর্থ বৎসরের টেন্ডার আহ্বান করতে হবে এবং কোন ক্ষেত্রে পুনঃ দরপত্র আহবান করতে হলে তা যেন ৩০ শে জুনের ভিতর শেষ করা যায়।
- ২) ক্রয়কৃত পন্য, খাদ্য সামগ্রী, আসবাবপত্র, লজিস্টিক মালামালের গুণগত মান অবশ্যই নিশ্চিত করতে হবে।
- ৩) পন্যের ক্রয় মূল্য আশে পাশের জেলার/ইউনিটের দরের সাথে সামঞ্জস্যপূর্ণ থাকতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিট প্রধানগণ সচেতন থাকবেন।
- ৪) বাজেট ব্যয় সংক্রান্ত একটি ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে।
- ৫) বিধি মোতাবেক বাজেট মিতব্যয়িতার সাথে খরচ করতে হবে এবং ইউনিট প্রধান ব্যক্তিগত ভাবে এ বিষয়টি নজর রাখবেন।
- ৬) অর্থ বছরের শেষের দিকে বিলের চাপ তৈরী না করে মাসিক ভিত্তিতে সমতা বজায় রেখে বাজেট ব্যয় করতে হবে।
- ৭) প্রতিমাসে খরচ ক্রয় পরিকল্পনা মোতাবেক হচ্ছে কিনা তা পর্যবেক্ষণে রাখতে হবে।
- ৮) অর্থ বছরের শেষের দিকে কোন কোন ইউনিট বিভিন্ন ধরনের বিল একসাথে স্বাক্ষর করে এজি অফিসে প্রেরণ করেন। এতে করে বিলসমূহ সঠিকভাবে যাচাই-বাছাই না হওয়ায় আর্থিক বিষয়ে বড় রকমের ত্রুটির আশংকা থাকে এবং অনেক সময় অডিট আপত্তির উত্থাপিত হওয়ার সুযোগ সৃষ্টি হয় যা কখনো কখনো আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত হয়ে ফৌজদারী অপরাধের রূপ ধারণ করে। এরূপ জটিলতা এড়ানোর লক্ষ্যে সকল বকেয়া বিল যথাসময়ে পরিশোধ করতে হবে এবং ৩১শে মে'র পূর্বেই সকল বিলে স্বাক্ষর করতে হবে।
- ৯) যে সকল ক্রয় জুন মাসে হবে, শুধু সেসব বিলে জুন মাসে স্বাক্ষর করতে হবে।
- ১০) ফোর্স সংশ্লিষ্ট বিল সমূহ এ,জি অফিসে যথাসময়ে পাস হচ্ছে কিনা তা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে হবে।



(চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, পিপিএম)

বিপি নং-৬৪৮৯০২০৯৪৬

ডিআইজি, ঢাকা রেঞ্জ

বাংলাদেশ পুলিশ, ঢাকা।

ফোন-৯৩৫৩০৩৭, ফ্যাক্স-৯৩৪২০২২।


তারিখ- ১২/০৩/২০১৮ খ্রিঃ।

স্মারক নং- ২২৬৪(২৭) /

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

প্রতি :

পুলিশ সুপার, ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী, গাজীপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর জেলা ও কমান্ড্যান্ট (এসপি), আরআরএফ-ঢাকা।



(চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, পিপিএম)

বিপি নং-৬৪৮৯০২০৯৪৬

ডিআইজি, ঢাকা রেঞ্জ

বাংলাদেশ পুলিশ, ঢাকা।

ফোন-৯৩৫৩০৩৭, ফ্যাক্স-৯৩৪২০২২।

